

## ইতিহাস নবম শ্রেণি

---

### ১. মহাদেশীয় অবরোধ ব্যবস্থা নেপোলিয়নের পতনকে কতটা ত্বরান্বিত করেছিল ?

উঃ নেপোলিয়ন ইংল্যান্ডের কাছে ট্রাফালগারের নৌযুদ্ধে পরাজিত হওয়ার পর বুঝতে পারেন যে ইংল্যান্ডকে কোনোভাবেই পরাজিত করা সম্ভব নয়। তখন ইংল্যান্ডের অর্থনৈতিক ক্ষতিগ্রস্ত করার নীতি গ্রহণ করেন যাতে ইংল্যান্ড বাধ্য হয় আত্মসমর্পণ করতে। এরজন্য তিনি মহাদেশীয় অবরোধ ব্যবস্থা বা Continental System চালু করেন।

কিন্তু এই নীতিকে কার্যকর করার জন্য যে পরিকাঠামো দরকার তা নেপোলিয়নের ছিল না। অন্যদিকে সমগ্র ইওরোপে ব্রিটিশ পক্ষের বিপুল চাহিদা ছিল। তাই চোরাপথে ব্রিটিশ পণ্যসামগ্ৰী ইওরোপের বিভিন্ন দেশে পৌছে গেল এবং চড়া দামে বিক্রি হতে লাগল। এতে জনগণ ক্ষুধ্য হয়ে নেপোলিয়নের বিরোধী হয়ে পড়ল।

নেপোলিয়ন তাঁর এই নীতি কার্যকর করতে ইওরোপের বিভিন্ন দেশকে বাধ্য করতে শুরু করলেন। পৰ্তুগাল রাজি হল না। তাই তিনি পৰ্তুগাল দখলের জন্য তাঁর সেনাবাহিনীকে স্পেনের মধ্য দিয়ে পৰ্তুগালে প্রেরণ করলেন। পৰ্তুগাল দখলের পর তিনি স্পেন দখল করলেন। এতে স্পেনবাসী ক্ষুধ্য হল, ও তাদের মধ্যে নেপোলিয়ন বিরোধী প্রবল জাতীয় চেতনা সৃষ্টি হল। যা সমগ্র আইবেরীয় উপনিষদে ছড়িয়ে পড়ে। এই উপনিষদের যুদ্ধে নেপোলিয়ন পরাজিত হলেন।

রাশিয়া তার বন্দরগুলি ইংল্যান্ডের জন্য খুলে দিলে তিনি রাশিয়া অভিযানের জন্য তাঁর গ্রান্ড আর্মি'কে প্রেরণ করলেন এবং ব্যর্থ হলেন। এই ব্যর্থতা সমগ্র জার্মানিতে জাতীয়তাবাদের উদ্ভবে সাহায্য করেছিল। ক্ষুধ্য ইওরোপের ১৩টি জাতি, চতুর্থ শক্তিজোট গঠন করে নেপোলিয়নের বিরুদ্ধে লিপজিগের যুদ্ধ বা জাতিসমূহের যুদ্ধ ঘোষণা করলো। নেপোলিয়ন পরাজিত হলেন। সুতরাং মহাদেশীয় অবরোধ ব্যবস্থা নেপোলিয়নের পতনকে ত্বরান্বিত করেছিল।

### ২. ফরাসি বিপ্লব কিভাবে নেপোলিয়নের উত্থানকে নিষ্পিত করেছিল ?

উঃ ফরাসি বিপ্লবের অন্যতম শ্রেষ্ঠ সন্তান ছিলেন নেপোলিয়ন বোনাপার্ট। সেনাবাহিনীতে চাকুরি কারার সময় তিনি ফরাসি বিপ্লবের সমর্থক ছিলেন। তিনি জ্যাকোবিন দলের সদস্য ছিলেন। 1793 খ্রিঃ ইংল্যান্ড ফ্রান্সের তুলোঁবন্দর আক্রমণ করলে তিনি তা পুনরুদ্ধার করেন এবং ব্রিগেডিয়ার জেনারেল পদে উন্নীত হন।

1795 খ্রিঃ তিনি রাজতন্ত্রের সমর্থকদের আক্রমণের হাত থেকে ফ্রান্সের 'জাতীয় সভা'কে রক্ষা করেছিলেন। ফলে তাকে মেজর জেনারেল পদে উন্নীত করা হয়। এরপর তিনি সেনাবাহিনীর সাহায্যে 1799 খ্রিঃ ডাইরেক্টরি শাসনের অবসান ঘটিয়ে কনসুলেট শাসন প্রবর্তন করেন। তিনি ছিলেন সর্বশক্তিমান প্রথম কনসাল।

1804 খ্রিঃ তিনি 'ফরাসি জাতির সম্ভাট' উপাধি লাভ করেন। এরপর তিনি ফরাসি বিপ্লবের আদর্শ সাম্য, মৈত্রী ও স্বাধীনতা ফ্রান্সের অভ্যন্তরে এবং ইওরোপের বিভিন্ন দেশে ছড়িয়ে দেন। জনগণ প্রবলভাবে নেপোলিয়নের সমর্থক হয়ে পড়লেন। ইওরোপের মানুষ তাকে মুক্তিদাতা বলে অভিনন্দন জানাতে লাগল।

সুতরাং ফরাসি বিপ্লব যদি না হতো তাহলে আমরা নেপোলিয়ন বোনাপার্টকে দেখতে পেতাম না। কারণ ফরাসি বিপ্লবের প্রেক্ষাপট ও আদর্শ নেপোলিয়নের উত্থানে সাহায্য করেছিল।